

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ
সেন্ট্রাল প্রকিউরমেন্ট টেকনিক্যাল ইউনিট (সিপিটিইউ)
শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭



উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

Tel: 9144252-3, Fax: 9144250, E-mail: info@cptu.gov.bd; Website: www.cptu.gov.bd

নং- ১১.০০.০০০০.৩৬৪.২২.০১০/২০-৫৪

তারিখঃ ২২/০৩/২০২০ খ্রিঃ

বিষয়ঃ QCBS পদ্ধতিতে (Lum-Sum) Consulting Firm নির্বাচনের জন্য আধ্বনিষ্ঠ Request for Proposal (RFP)-এ অংশগ্রহণকারী একটি Consulting Firm অত্যাধিক নিম্ন দরে আর্থিক প্রস্তাব দাখিলের প্রেক্ষিতে মূল্যায়ন প্রক্রিয়ার মতামত।


পত্র নং-ঢামেকহাসঃ/প্রকল্প/২০২০/২৭; তারিখঃ ১১/০৩/২০২০

উপর্যুক্ত বিষয় ও সূত্রাধীন স্মারকের পরিপ্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, বুদ্ধিবৃত্তিক ও পেশাগত সেবা ক্রয়ে আর্থিক প্রস্তাব মূল্যায়নের ক্ষেত্রে পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ (পিপিআর, ২০০৮) এর বিধি-১০৩(২) এর বিধান নিম্নরূপঃ

“বুদ্ধিবৃত্তিক এবং পেশাগত সেবা ক্রয়ের ক্ষেত্রে সাধারণভাবে মূল্য-প্রস্তাব যৌক্তিকভাবে বিচার করিতে হইবে, কেননা মূল্যায়নে চুক্তি মূল্যই মুখ্য বিবেচনার বিষয় হইলে আর্থিকভাবে সাশ্রয়ী পরামর্শক প্রতিষ্ঠান কর্তৃক প্রদত্ত সেবার মান প্রাপ্ত সন্তোষজনক না হওয়ার কারণে বা কম সাশ্রয়ী ব্যবস্থা সুপারিশকৃত হওয়ার কারণে ক্রয়কারী কর্তৃক কাজটি পুনরায় করা হবার প্রয়োজন দেখা দেওয়ায় চূড়ান্ত পরিণতিতে ক্রয়কারীর উপর বর্ধিত ব্যয়ের বোঝা আরোপিত হইতে পারে”

০২। উল্লেখ্য, সংশ্লিষ্ট পরামর্শক প্রতিষ্ঠানটির সাথে নেগোশিয়েশনের সময় আর্থিক ও কারিগরী প্রস্তাবের যে বিষয়গুলো আলোচনা করার সুযোগ রয়েছে তার মধ্যে রয়েছে কর্ম পরিকল্পনা, কাজের বিস্তারিত সময়সূচি, প্রশিক্ষণ, প্রস্তাবিত চুক্তিমূল্য ইত্যাদি [বিধি-১২২(৩)]। এ ক্ষেত্রে বিধি-১০৩(২) এর নির্দেশনা অনুযায়ী প্রাক্কলিত ব্যয় অপেক্ষা অতি নিম্নদরে কীভাবে ক্রয় কাজটি বাস্তবায়ন করা সম্ভব হবে সে বিষয়ে পরামর্শক প্রতিষ্ঠানের নিকট থেকে নেগোশিয়েশন সভায় ব্যাখ্যা চাওয়া যেতে পারে। উক্ত ব্যাখ্যা গ্রহণযোগ্য না হলে প্রস্তাব মূল্যায়ন কমিটি পিপিএ, ২০০৬ এর খারা-৬০(২) অনুযায়ী পদক্ষেপ গ্রহণ করতে পারে।

০৩। সূত্রে উল্লেখিত পত্রের মাধ্যমে বর্ণিত ক্রয়ের বিষয়ে প্রেরিত ডকুমেন্টের ভিত্তিতে এ মতামত প্রদান করা হলো।



Md. Masud
22/03/2020
(মোসাঃ মৌসুমী হাবিব)
উপপরিচালক
ফোনঃ ৯১৪৪২৫২-৩/২০৩

প্রকল্প পরিচালক

ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালের আধুনিকায়ন, সম্প্রসারণ এবং
পুনর্নির্মাণ এর জন্য ব্যয় প্রাক্কলন সহ মহাপরিকল্পনা ও ডিজাইন প্রণয়ন
প্রকল্প ও পরিচালক, ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল, শাহবাগ, ঢাকা।

স্বাক্ষরিতঃ

১) সচিব মহোদয়ের একান্ত সচিব, আইএমই বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়, শের-ই-বাংলা নগর, ঢাকা।

২) মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, সিপিটিইউ, আইএমই বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়, শের-ই-বাংলা নগর, ঢাকা।

নগর, ঢাকা।

অফিস কপি।

